এইচ এস সি পরীক্ষা ২০১৯ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

অর্থনীতি-প্রথম পত্র বিষয় কোড : ১ ০ ৯

সময়-২ ঘণ্টা ৩০ মিনিট **সৃজনশীল প্রশ্ন** পূর্ণমান: ৭০

[দ্রষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।]

১.▶ মালালা যে দেশে বসবাস করেন সে দেশে উৎপাদকরা যে কোনো দ্রব্য যে কোনো পরিমাণে উৎপাদন করতে পারে। ভোক্তারাও যে কোনো দ্রব্য যে কোনো পরিমাণে ক্রয় ও ভোগ করতে পারে। বাজারে স্বয়ংক্রিয় দামব্যবস্থা প্রচলিত। সমাজে শ্রেণি বৈষম্য এবং শ্রমিক শোষণ বর্তমান। অন্যদিকে, আইরিন যে দেশে বসবাস করে সে দেশের অর্থব্যবস্থার চিত্র সম্পূর্ণ বিপরীত।

ক. অর্থব্যবস্থা কী? ১

খ. সুযোগ ব্যয় বলতে কী বোঝায়? ২

গ. মালালার দেশে কী ধরনের অর্থব্যবস্থা প্রচলিত? ব্যাখ্যা করো। ৩

ঘ. 'আইরিনের দেশের অর্থব্যবস্থার চিত্র সম্পূর্ণ বিপরীত।' ব্যাখ্যা করো। ৪

২.▶ শারমিন কমলা খেতে পছন্দ করে। তার বাবা একদিন বাজার থেকে কমলা এনে তাকে খেতে দিল। সে কমলাগুলো খেয়ে যে উপযোগ পেল তা নিম্নরূপ:

কমলালেবুর সংখ্যা	প্রান্তিক উপযোগ (MU)	মোট উপযোগ (TU)
১ম	৩	৩
২য়	২	৫
৩য়	১	৬
৪র্থ	০	৬
৫ম	-১	৫

ক. অপেক্ষক কী? ১

খ. ভোগ বলতে কী বোঝায়? ২

গ. ক্রমহ্রাসমান প্রান্তিক উপযোগ বিধিটি কী? উদ্দীপকের আলোকে চিত্রসহ বর্ণনা করো। ৩

ঘ. কী কী অবস্থার প্রেক্ষিতে বিধিটি কার্যকর হবে না বলে তুমি মনে কর? যুক্তিসহ বিশ্লেষণ করো। ৪

৩.▶ অর্থনীতির শিক্ষিকা ক্লাসে গিয়ে বোর্ডে এই সমীকরণটি লিখেন: $Q = 10 + 2P$। তিনি শিক্ষার্থীদের বললেন, সমীকরণটি অর্থনীতির একটি গুরুত্বপূর্ণ বিষয়। এর সাহায্যে সহজেই চিত্র আঁকা যায়।

Teachingbd24.com

https://teachingbd24.com

ক. চাহিদা বিধি কী? ১
খ. অর্থনীতির চলক বলতে কী বোঝায়? ২
গ. উদ্দীপকে শিক্ষিকা উল্লিখিত সমীকরণটি ব্যাখ্যা করো। ৩
ঘ. উদ্দীপকের সমীকরণ থেকে লেখচিত্র অঙ্কন প্রক্রিয়া বিশ্লেষণ করো। ৪

৪.▶ হাশেম মিয়ার জমির বিগত চার বছরের উৎপাদন খরচ ও উৎপাদনের পরিমাণ নিম্নরূপ:

উপকরণ সংমিশ্রণ	জমির পরিমাণ (একর)	শ্রম উপকরণ	মোট উৎপাদন (TP) মণ	প্রান্তিক উৎপাদন (MP) মণ
A	১	১০০০	১০	১০
B	১	২০০০	১৮	৮
C	১	৩০০০	২৪	৬
D	১	৪০০০	১৮	৪

ক. ক্রমহ্রাসমান উৎপাদন বিধিটি কী? ১
খ. উৎপাদন প্রক্রিয়াতে সংগঠনের গুরুত্ব ব্যাখ্যা করো। ২
গ. হাশেম মিয়ার উৎপাদন প্রক্রিয়া যে বিধিটির সাথে মিল রয়েছে তা চিত্রসহ বর্ণনা করো। ৩
ঘ. উক্ত বিধিটি কৃষিক্ষেত্রে কেন বিশেষভাবে প্রযোজ্য তা ব্যাখ্যা করো। ৪

Teachingbd24.com

৫.▶ চিত্রটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. প্লান্ট কী? ১
খ. ফার্ম ও শিল্পের মধ্যে কী ধরনের পার্থক্য থাকে? ২
গ. মোট মুনাফা ৪০০ টাকা হলে চিত্রটি কেমন হবে তা তৈরি করো এবং মুনাফা নির্দেশ করো। ৩

https://teachingbd24.com

ঘ. মুনাফার পরিমাণ কি শূন্য (০) হতে পারে? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও। ৪

৬.▶ চিত্রটি লক্ষ করো এবং প্রশ্নগুলোর উত্তর দাও:



ক. শ্রমের দক্ষতা বলতে কী বোঝায়? ১

খ. শ্রমের যোগানের নির্ধারকগুলো কী কী? ২

গ. SS যোগান রেখার আকৃতি এরূপ হওয়ার কারণ কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. SS যোগান রেখার প্রেক্ষিতে শ্রম ও অবসর বিনোদনের মধ্যকার সম্পর্ক ব্যাখ্যা করো। ৪

৭.▶ আলেয়া একজন গার্মেন্টস কর্মী। সে ঢাকায় কাজ করে। তার বাড়ি জামালপুর। তার আয়ে গ্রামে তার বৃদ্ধ বাবা-মা, ভাই-বোনের সংসার চলে। প্রতি মাসে তাকে টাকা পাঠানো নিয়ে চিন্তা করতে হতো। কিন্তু এখন আর তা করতে হয় না। সে এখন একটি ব্যাংক হিসাব খুলেছে এবং মোবাইলের মাধ্যমে সে তার এ কাজটি করতে পারে। তার দেখা দেখি অনেকেই এখন এভাবে টাকা পাঠাচ্ছে।

ক. মুদ্রা কী? ১

খ. অর্থের মূল্য ধারণাটি ব্যাখ্যা করো। ২

গ. উদ্দীপকের বিষয়টি কোন ধরনের ব্যাংকিং কার্যক্রমকে প্রতিফলিত করেছে ব্যাখ্যা করো। ৩

ঘ. উল্লিখিত ব্যাংকিং কার্যক্রম ব্যাংকিং সেবা প্রদানে যথেষ্ট সহায়ক হবে কি? মতামত দাও। ৪

৮.▶ নিচের ছকে চিত্রটি লক্ষ কর:



ক. উদ্যোক্তা কে? ১

https://teachingbd24.com

খ. একমালিকানা কারবার বলতে কী বোঝ? ২

গ. উদ্দীপকের ছকটিতে 'X' দ্বারা নির্দেশিত ধারণাটি ব্যাখ্যা করো। ৩

ঘ. ছকটিতে 'X' দ্বারা নির্দেশিত ধারণার বৈশিষ্ট্যসমূহ সম্পর্কে তোমার মতামত দাও। ৪

৯.▶ জনাব ড. মো: আতিউর রহমান একজন বিশিষ্ট অর্থনীতিবিদ। তিনি খাজনা নিয়ে গবেষণা করেন। তিনি দেখতে পান পণ্যের দামের সাথে খাজনা ওতপ্রোতভাবে জড়িত। খাজনা নির্ধারণে পণ্যের দাম গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। তাছাড়া, জনসংখ্যা দ্বারাও খাজনা ব্যাপকভাবে প্রভাবিত হয়।

ক. খাজনা কাকে বলে? ১

খ. অনুপার্জিত আয় বলতে কী বোঝায়? ২

গ. জনাব রহমান খাজনা ও দামের মধ্যে যে সম্পর্ক প্রত্যক্ষ করেন তা অর্থনীতির আলোকে ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত খাজনার সাথে জনসংখ্যার সম্পর্ক বিশ্লেষণ করো। ৪

১০.▶ জাতীয় আয় $Y = \sum r + \sum w + \sum i + \sum \pi - \sum Tp$.

যেখানে r = খাজনা, w = মজুরি, i = সুদের হার, π = মুনাফা, Tp = হস্তান্তর পাওনা।

ক. জাতীয় আয় (NI) কী? ১

খ. GDP ও NDP এর মধ্যে পার্থক্য লিখ। ২

গ. উদ্দীপকে জাতীয় আয় পরিমাপের কোন পদ্ধতি ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. জাতীয় আয় পরিমাপের এ পদ্ধতি কি বাংলাদেশে ব্যবহৃত হয়? মতামত দাও। ৪

১১.▶ প্রত্যেক দেশে কেন্দ্রীয় ব্যাংক ও বাণিজ্যিক ব্যাংক সংস্থা বিদ্যমান। বাংলাদেশে কয়েকটি ব্যাংক হলো বাংলাদেশ ব্যাংক এবং সোনালী, জনতা, অগ্রণী, পূবালী, ডাচ-বাংলা, যমুনা ব্যাংক প্রভৃতি।

ক. বাণিজ্যিক ব্যাংক বলতে কী বোঝায়? ১

খ. কেন্দ্রীয় ব্যাংক কী কী কাজ করে না, যা বাণিজ্যিক ব্যাংক করে থাকে? ২

গ. উপরের ব্যাংকগুলোর মধ্যে কোনটি বাংলাদেশের কেন্দ্রীয় ব্যাংক এবং কেন? ৩

ঘ. উপরের ব্যাংকগুলো কীভাবে ব্যবসায় বাণিজ্যের উন্নয়নে ভূমিকা রাখতে পারে ব্যাখ্যা করো। ৪

https://teachingbd24.com

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে।]

১. উৎপাদন সম্ভাবনা রেখার উপরিস্থ কোন বিন্দু কী নির্দেশ করে?
ক) বেকারত্ব   খ) পূর্ণ নিয়োগ
গ) অ-অর্জনযোগ্য   ঘ) স্বল্প উৎপাদন

নিচের অনুচ্ছেদটি পড়ে ২ ও ৩ নং প্রশ্নের উত্তর দাও:



২. চিত্রে AB রেখাটি হলো —
ক) প্রান্তিক উৎপাদন রেখা
খ) উৎপাদন সম্ভাবনা রেখা
গ) ক্রমহ্রাসমান প্রান্তিক উৎপাদন রেখা
ঘ) সম-উৎপাদন রেখা

৩. উপরিউক্ত চিত্রের সাহায্যে ব্যাখ্যা করা যায় —
i. ভোক্তার উপযোগ
ii. দুটি দ্রব্যের বিভিন্ন সংমিশ্রণ
iii. সুযোগ ব্যয়
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

৪. প্রান্তিক উপযোগ ঋণাত্মক হলে মোট উপযোগ কেমন হবে?
ক) বৃদ্ধি পাবে   খ) হ্রাস পাবে
গ) স্থির থাকবে   ঘ) ক্রমাগত বৃদ্ধি পাবে

৫. যোগান বিধির গাণিতিক রূপ কোনটি? (যেখানে Q যোগানের পরিমাণ, p = দাম)
ক) $\frac{dQ}{dP} = f(P) > 0;$
খ) $\frac{dQ}{dP} = f(P) < 0;$
গ) $M = \frac{\Delta Q}{dP} f = \propto$ (অসীম)
ঘ) $M = \frac{dQ}{dP} = 0$

৬. যোগান বিধি কার্যকর হয় —
i. দামের পরিবর্তনে
ii. উপকরণের দামের পরিবর্তনে
iii. নির্দিষ্ট সময়ে
নিচের কোনটি সঠিক?
ক) i   খ) ii
গ) i ও ii   ঘ) i ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ৭ ও ৮ নং প্রশ্নের উত্তর দাও:
X দ্রব্যের দাম প্রতি কেজি ২০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে ৪০ টাকা হলে X দ্রব্যের চাহিদার পরিমাণ ১৫ কেজি থেকে কমে ১০ কেজি হয়।

৭. এক্ষেত্রে X দ্রব্যের দাম স্থিতিস্থাপকতা কত?
ক) ০   খ) ১/৩
গ) ১   ঘ) ২

৮. X দ্রব্যটি কোন ধরনের দ্রব্য?
ক) নিকৃষ্ট দ্রব্য
খ) বিলাস দ্রব্য
গ) নিত্যপ্রয়োজনীয় দ্রব্য
ঘ) স্বাভাবিক দ্রব্য

৯. কোনটি স্বল্পকালীন উৎপাদন অপেক্ষক?
ক) Q = f (K, L)   খ) Q = f(K, L)
গ) Q = f(K,L)   ঘ) Q = f(P)

১০. নিচের কোন রেখাটি মূল বিন্দু থেকে শুরু হয়?
ক) মোট পরিবর্তনীয় খরচ
খ) মোট স্থির খরচ
গ) মোট খরচ   ঘ) গড় খরচ

১১. AC রেখার সর্বনিম্ন বিন্দুতে —
i. AC = MC;
ii. MC সর্বনিম্ন
iii. MC রেখা ঊর্ধ্বগামী
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii   খ) i ও iii
গ) ii ও iii   ঘ) i, ii ও iii

১২. কোন বাজারে ফার্মকে দাম সৃষ্টিকারী (Price maker) হিসেবে বিবেচনা করা হয়?
ক) মনোপসনি   খ) ডুয়োপলি
গ) অলিগোপলি   ঘ) মনোপলি

১৩. বাজারে একজন ক্রেতা, একজন বিক্রেতা বিদ্যমান, সেইরূপ বাজারকে কী বলে?
ক) ডুয়োপসনি   খ) ডুয়োপলি
গ) অলিগোপালি   ঘ) দ্বি-পাক্ষিক একচেটিয়া বাজার

নিচের অনুচ্ছেদটি পড়ে ১৪ ও ১৫ নং প্রশ্নের উত্তর দাও:



https://teachingbd24.com

১৪. উদ্দীপক অনুযায়ী মোট আয় (TR) কত?

ক) ২ টাকা খ) ৪ টাকা
গ) ৬ টাকা ঘ) ৮ টাকা

১৫. চিত্রের E বিন্দুতে নির্দেশিত হয়েছে —

i. দাম = গড় ব্যয়
ii. দাম = গড় আয়
iii. প্রান্তিক আয় = প্রান্তিক ব্যয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৬. একচেটিয়া বাজারের ক্ষেত্রে কোনটি সত্য?

ক) P > AR = MR খ) P = AR < MR
গ) P = AR = MR ঘ) P = AR > MR

১৭. কোনটি উৎপাদনের জীবন্ত উপকরণ?

ক) ভূমি খ) শ্রম
গ) মূলধন ঘ) সংগঠন

১৮. প্রকৃত মজুরি নির্ভর করে —

i. আর্থিক মজুরি
ii. দামস্তর
iii. কাজের সময়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

১৯. মূলধন কী?

ক) উৎপাদনের উৎপাদিত উপাদান
খ) ভোগের ব্যবহৃত উপাদান
গ) সঞ্চয় গঠনের উপাদান
ঘ) প্রাকৃতিকভাবে সৃষ্ট উপাদান

২০. NGO এর পূর্ণরূপ কোনটি?

ক) Non Group Organisation
খ) Non Government Office
গ) Non Government Organisation
ঘ) Non-Governmetn Officer

২১. সংগঠনের কাজ হলো —

i. বাজারজাতকরণ ii. ঝুঁকি গ্রহণ
iii. ঝুঁকি বহন ও আয় বণ্টন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২২. মানুষ কর্তৃক সৃষ্ট উপকরণ হতে প্রাপ্ত অতিরিক্ত আয়কে কী বলে?

ক) মোট খাজনা খ) অর্থনৈতিক খাজনা
গ) নিট খাজনা ঘ) নিম খাজনা

২৩. সঞ্চয় হিসাব করার সূত্র কোনটি?

ক) S = Y + C খ) S = Y − C
গ) S = O − Y ঘ) S = C + Y

২৪. মুক্ত বাজার অর্থনীতিতে জাতীয় আয়ের (Y) সূত্র হলো —

ক) C খ) C + I
গ) C + I + CF ঘ) C + I − G + Xn

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৫ ও ২৬ নং প্রশ্নের উত্তর দাও:

বাংলাদেশে জাপানি রবি সেলফোন কোম্পানি ২০১৪ সালে প্রচুর মুনাফা অর্জন করে। বাংলাদেশেরও প্রায় ৫০ হাজার নাগরিক জাপানে কাজ করেন এবং তাদের অর্জিত আয় দেশে প্রেরণ করেন।

২৫. রবি সেলফোন কোম্পানির আয় বাংলাদেশের—

ক) GDP তে অন্তর্ভুক্ত হবে
খ) GNP তে অন্তর্ভুক্ত হবে
গ) GNP ও GDP উভয়ের মধ্যে অন্তর্ভুক্ত হবে
ঘ) GDP তে অন্তর্ভুক্ত হবে না

২৬. বাংলাদেশের নাগরিকদের প্রেরিত আয় —

i. বাংলাদেশের GNP তে অন্তর্ভুক্ত হবে
ii. জাপানের GNP তে অন্তর্ভুক্ত হবে
iii. জাপানের GDP তে অন্তর্ভুক্ত হবে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

২৭. ফিশারের বিনিময় সমীকরণ কোনটি?

ক) MT = VP খ) MV = PT
গ) MP = VT ঘ) M = VPT

২৮. অর্থনৈতিক মন্দার সময় ঋণ নিয়ন্ত্রণে কেন্দ্রীয় ব্যাংক-

i. সুদের হার হ্রাস করে
ii. ঋণপত্র বিক্রয় করে
iii. নগদ জমার হার কমায়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ও iii ঘ) i, ii ও iii

নিচের অনুচ্ছেদটি পড়ে ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দাও:

আশিষ প্রতি মাসে ২০০০ টাকা করে ব্যাংকে জমা রাখে। বছরের শেষে তার মোট জমার সাথে ব্যাংক কিছু অতিরিক্ত টাকা তার হিসাবে জমা করে।

২৯. উদ্দিপকে বর্ণিত ব্যাংকটি কোন ধরনের?

i. কেন্দ্রীয় ii. বাণিজ্যিক
iii. গ্রামীণ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii
গ) ii ঘ) i, ii ও iii

৩০. উদ্দীপকে ব্যাংকটির অন্যতম কাজ হচ্ছে —

ক) ঋণ নিয়ন্ত্রণ খ) নোট প্রচলন করা
গ) অন্যান্য আর্থিক প্রতিষ্ঠান নিয়ন্ত্রণ
ঘ) ঋণ আদান-প্রদান করা

উত্তর	১	খ	২	খ	৩	গ	৪	খ	৫	ক	৬	ঘ	৭	খ	৮	খ	৯	ক	১০	ক	১১	খ	১২	ঘ	১৩	ঘ	১৪	ঘ	১৫	ঘ
	১৬	ঘ	১৭	খ	১৮	ঘ	১৯	ক	২০	গ	২১	ঘ	২২	খ	২৩	খ	২৪	ঘ	২৫	ক	২৬	খ	২৭	খ	২৮	খ	২৯	গ	৩০	ঘ

https://teachingbd24.com